



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর, চট্টগ্রাম পওর বিভাগ-১, বাপাউবো, চট্টগ্রাম।

ফোন-অফিসঃ ০২৩৩৪৪৫৩৫৭২, e-mail: exen_chittdiv1.bwdb@yahoo.com



স্মারক নং- বি-৬/২৯

তারিখ: ০৪/০৭/২০২৩ খ্রি.

“সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখ:২০/০৭/২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকা ভুক্তির ফরম বিক্রয় ও গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের ফরম বিক্রয় ও গ্রহণের তফসিলঃ

ক্রমিক নং	ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ধরন	ফরম বিক্রয় আরম্ভের তারিখ	ফরম বিক্রয়ের সর্বশেষ তারিখ	তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ
০১	ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য)	০৫ জুলাই, ২০২৩ খ্রি.	১৭ আগস্ট, ২০২৩ খ্রি.	১৭ আগস্ট, ২০২৩ খ্রি..

২। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসিলঃ

ক্রমিক নং	নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ	নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ	নবায়ন বহি পুনঃইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ	নবায়ন বহি পুনঃইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ
০১	০২ জুলাই, ২০২৩ খ্রি.	১৭ আগস্ট, ২০২৩ খ্রি.	৩১ আগস্ট, ২০২৩ খ্রি.	১৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

ক্রমিক নং	নির্দেশনাবলী	বিবরণ
০১	আবেদনের যোগ্যতা	(১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স; (২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট; (৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী; (৪) জাতীয় পরিচয় পত্র; (৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি; (৬) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- টাকার স্ট্যাম্পের অঙ্গিকারনামা; (৭) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে।
০২	আবেদন ফি	৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করতে হবে।
০৩	তালিকাভুক্তির নিবন্ধন ফি	নিবন্ধন ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক দুটি অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে।
০৪	নবায়ন ফি	নবায়ন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার পৃথক দুটি অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে।

০৩। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।

০৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

Shauket Shaukat
(শওকত ইবনে সাহীদ) ০৭/০৭/২০২৩
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পরিচিতি নং- ৯৩০১০১০১২
০৪/০৭/২০২৩

পাতা -০২

স্মারক নং- বি-৬/২২/১৯১)

তারিখঃ ০৪/০৭/২০২৩খ্রি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
- ৪। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
- ৮। বিভাগীয় হিসাব রক্ষক/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
- ৯। অফিস কপি।

Shouket Shaha
০৪/০৭/২০২৩
(শওকত ইবনে সাহীদ)
নির্বাহী প্রকৌশলী
০৪/০৭/২০২৩